



# UNITED PEOPLES DEMOCRATIC FRONT (UPDF) ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)

(A political party based in the Chittagong Hill Tracts, Bangladesh)  
Mailing Address :Swanirbhar bazaar, Khagrachari, Northern Chittagong Hill Tracts, Bangladesh.  
Email. updfcht@yahoo.com Website: www.updfcht.com

Ref:

Date: ১০ নভেম্বর ২০২২

প্রেস বিজ্ঞপ্তি

## বরকলে ভূমি বেদখলকারী সেটলারদের বিরুদ্ধে ব্যবস্থা নেয়ার দাবি

ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ) রাঙামাটি জেলা ইউনিট সংগঠক শান্তিদেব চাকমা বরকলের ভূষণছড়ায় দুই পাহাড়ি গ্রামবাসীর চার একর পরিমাণ জমি বেদখলের নিন্দা ও প্রতিবাদ জানিয়ে অবিলম্বে বেদখলকারী সেটলারদের বিরুদ্ধে কঠোর শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ ও ভূমি মালিকদের কাছে তাদের জমি ফিরিয়ে দেয়ার দাবি জানিয়েছেন।

আজ বৃহস্পতিবার, ১০ নভেম্বর ২০২২, এক বিবৃতিতে তিনি এই দাবি জানান। তিনি বলেন, গত ৬ নভেম্বর ভূষণছড়ার কয়েকজন সেটলার প্রাণময় চাকমা ও দোয়েল চাকমার চার একর জমি বেদখলের উদ্দেশ্যে সেখানে বেআইনীভাবে ঘর নির্মাণ করে। স্থানীয় প্রশাসনকে এ ব্যাপারে অবহিত করা হলে তারা উক্ত জমির মালিকানা পাহাড়িদের বলে স্বীকার করেন, তবে অন্যের সম্পত্তিতে অবৈধ প্রবেশ ও দখলের জন্য দোষী সেটলারদের বিরুদ্ধে কোন ধরনের ব্যবস্থা গ্রহণ করা থেকে বিরত থাকেন।

বিগত স্বৈরাচারী এরশাদ ও খালেদা সরকারের আমলের মতো বর্তমান আওয়ামী লীগ সরকারের আমলেও পার্বত্য চট্টগ্রামে অহরহ ভূমি বেদখলের ঘটনা ঘটে চলেছে উল্লেখ করে ইউপিডিএফ নেতা বলেন, বেদখলকারীদের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ না করাই এর অন্যতম প্রধান কারণ।

তিনি ভূমি বেদখলের বিরুদ্ধে তীব্র গণ প্রতিরোধ গড়ে তোলার জন্য জনগণের প্রতি আহ্বান জানান।

বার্তা প্রেরক

নিরন চাকমা

প্রচার ও প্রকাশনা বিভাগ

ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)।